গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
(স্থানীয় সরকার বিভাগ)

# ১নং কল্যাণী ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ মাহিগঞ্জ, উপজেলাঃ পীরগাছা, জেলাঃ রংপুর

ই-মেইল ঃ kollyaniup.rang@gmail.com

## পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট বই

## (২০১৬-১৭ থেকে ২০২০-২১)

### তথ্য সংগ্রহ ও সম্পাদনায়

| ইউপি সদস্য ও সদস্যা | সচিব | গ্রাম পুলিশ |
|---|---|---|
| ১নং কল্যা ইউনিয়ন পরিষদ | ১নং কল্যাণী ইউনিয়ন পরিষদ | ১নং কল্যাণী ইউনিয়ন পরিষদ |
| পীরগাছা, রংপুর। | পীরগাছা, রংপুর। | পীরগাছা, রংপুর। |

### সার্বিক তত্ত্বাবধানে

**মোঃ নুর আলম**
চেয়ারম্যান
১নং কল্যাণী ইউনিয়ন পরিষদ
পীরগাছা, রংপুর।

**এপ্রিল, ২০১৭**



# আমাদের কথা

ইউনিয়ন পরিষদ এমন একটি স্থানীয় সরকার প্রতিষ্ঠান যেখানে জনগণের চাহিদা অনুসারে সেবা সরবরাহে কার্যকরী ভূমিকা রাখার সুযোগ ও সম্ভাবনা রয়েছে। ইউনিয়ন পরিষদে রয়েছে স্থানীয় সমস্যার সাথে পরিচিত প্রতিনিধি এবং পেশাগত কর্মকান্ডে পারদর্শী বিভিন্ন জাতি গঠনমূলক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ। জনপ্রতিনিধি ও পেশাজীবিদের সম্মিলিত প্রয়াসে জনগণের আকাঙ্খার সাথে তাল মিলিয়ে সেবা সরবরাহ করার পূর্বশর্ত হচ্ছে পরিকল্পিত পদক্ষেপ গ্রহণ।

সম্পদের সীমাবদ্ধতা ইউনিয়ন পর্যায়ে চাহিদা মাফিক সেবা সরবরাহে বড় বাধা। এছাড়াও ইউনিয়ন পরিষদে সম্পদ প্রবাহের নানাবিধ প্রক্রিয়া দৃশ্যমান উন্নয়নে বাধার সৃষ্টি করে। এ প্রেক্ষাপটে ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল, সরকারের অনুদান এবং বিভিন্ন বিভাগের সম্পদ সমূহ একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় আনা গেলে লক্ষ্যভিত্তিক জনগোষ্ঠীকে সেবা প্রদান সহজ হবে এবং দৃশ্যমান উন্নয়ন সহজ হবে। এ বিষয়টি উপলব্ধি করে এবং ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ এর ৪৭ (ঘ) ধারার নির্দেশনা অনুসরণ করে ১ নং কল্যাণীইউনিয়ন পরিষদ পঞ্চবার্ষিক(২০১৬-২০২১) পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে।

ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বই প্রণয়নের কাজটি সহজসাধ্য নয় কিন্তু ইউনিয়ন পরিষদ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত দপ্তরসমুহ, উপজেলা পরিষদ ও উপজেলা পরিষদের সকল দপ্তর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, ইউপিজিপি প্রকল্পে সংশ্লিষ্ট কর্মকর্তাগণসহ সকলের আন্তরিক প্রচেষ্টায় এই পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন সম্ভব হয়েছে। আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

এই পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট বইটি প্রকাশের ক্ষেত্রে কারিগরি নির্দেশনা ও সার্বিক পরামর্শ প্রদানের জন্য বিশেষ কৃতজ্ঞতা জানাই ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট (ইউপিজিপি)- এর প্রজেক্ট কো-অর্ডিনেটর জনাব মোঃ অলিউল্লাহ মহোদয়কে।

আমাদের এই পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সঠিক তথ্য উপস্থাপনে চেষ্টার ক্রটি ছিল না, তবুও কিছু তথ্যের ঘাটতি ও ভুল-ক্রটি থেকে যেতে পারে। এই অনিচ্ছাকৃত ভুল-ক্রটির জন্য আমরা ক্ষমা প্রার্থী। এ সম্পর্কে পরামর্শ থাকলে তা জানানোর জন্য বিনিত অনুরোধ থাকল।

ইউনিয়ন পরিষদের এই পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে অত্র ইউনিয়নবাসীর জীবনযাত্রার মান উন্নয়নে সহায়ক হলে আমাদের পরিশ্রম সার্থক হবে বলে আমরা মনে করি।

স্বাক্ষরিত/-
**মোঃ নুর আলম**
চেয়ারম্যান
১নং কল্যাণী ইউনিয়ন পরিষদ
পীরগাছা, রংপুর।



# সম্পাদকীয়

স্থানীয় জনগনের প্রকৃত চাহিদা নির্ধারণ, সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ ও জনগনের সেবার মানোন্নয়নের দিকে লক্ষ্য রেখে ১ নং কল্যাণী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউপি সদস্য/সদস্যাগণ, গ্রামপুলিশ, ইউডিসির উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত দপ্তরসমুহ, উপজেলা পরিষদ ও উপজেলা পরিষদের সকল দপ্তর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, ইউপিজিপি প্রকল্পে সংশ্লিষ্ট কর্মকর্তাগণসহ সকলের আন্তরিক প্রচেষ্টায় প্রথম বারের মতো এই পঞ্চবার্ষিক পরিকল্পনা বই প্রণয়ন সম্ভব হয়েছে, যা অত্র ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতিফলন। অত্র ইউপি সকল আয় ও ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান যথাযথভাবে মেনে চলে। ইউনিয়ন পরিষদের সকল অনুদান জনগুরুত্ব ও অগ্রাধিকার বিবেচনা করতঃ প্রকৃত জনঅংশগ্রহণমূলক সভার মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত অনুসারে প্রকল্প বাস্তবায়নে ব্যয় করা হয়।

অত্র ১ নং কল্যাণী ইউনিয়ন পরিষদ বর্তমানে নিয়মিত প্রত্যেকটি ওয়ার্ডে ব্যপক প্রচারের মাধ্যম বছরে ২বার ওয়ার্ড সভার আয়োজন করছে এবং উন্মুক্ত বাজেট সভা করছে। উক্ত সভাসমুহে একজন সচেতন নাগরিকের যেমন অংশগ্রহণ জরুরী তেমনি ইউনিয়ন পরিষদ কর পরিশোধ করাও একজন সুনাগরিকের কর্তব্য কারণ ইউপির রাজস্ব আয় বৃদ্ধি ব্যতিত প্রকৃত স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠন হিসেবে প্রতিষ্ঠা অসম্ভব।

আমরা সেবা প্রদানের ক্ষেত্রে নির্ধারিত ফি'তে যেমন দ্রুততম সময়ে সেবা প্রদান করি তেমনি তথ্য প্রদানের ক্ষেত্রেও নুন্যতম সময়ে তথ্য প্রদান করে থাকি। উন্নয়ন/রাজস্ব বরাদ্দ যেন টেকসই উন্নয়ন লক্ষ্যসমুহ এবং সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যসমুহ অর্জনে সহায়তা করে, প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে সেদিকে আন্তরিকভাবে দৃষ্টিপাত করা হয়। ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি এবং ইউনিয়ন পরিষদ আইন, ২০১০(সংশোধন) বাস্তবায়ন কল্পে ইউনিয়ন পরিষদ গভার্নেন্স প্রজেক্ট (ইউপিজিপি) এর আওতায় ইউপিজিপি তহবিল-বি দ্বারা ইউনিয়ন পরিষদ বছরের বিভিন্ন সময়ে ওয়ার্ড কমিটি, স্থায়ী কমিটি, তত্ত্বাবধায়ন কমিটি এবং তৃণমূলের বিভিন্ন নাগরিক সংগঠনের সদস্য/সদস্যাগণের প্রশিক্ষণ, কর্মশালা ও সভার আয়োজন করছে, যা ইউনিয়ন পরিষদের বার্ষিক/পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন, বাজেট নির্ধারণ, দরিদ্র-বান্ধব ও নারী সংশ্লিষ্ট প্রকল্প নির্বাচনের ক্ষেত্রেও সহায়তা করছে।

আমরা প্রথমবারের মতো এই পঞ্চবার্ষিক পরিকল্পনা বইটি প্রণয়ন করছি তাই হয়তো কিছু ভুল-ত্রুটি রয়ে গেছে। এই বিষয়টি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য বিশেষভাবে অনুরোধ রইলো। বইটি প্রকাশে উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর, ইউনিয়ন পরিষদ গভার্নেন্স প্রজেক্ট (ইউপিজিপি)-এর কর্মকর্তাবৃন্দ, ইউপি চেয়ারম্যান, সদস্য/সদস্যা, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা, চলন্তিকা ছাপাখানাসহ আরও যারা ভূমিকা রেখেছেন সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

স্বাক্ষরিত/-
মোঃ মতিনুজ্জামান
সচিব
১নং কল্যাণী ইউনিয়ন পরিষদ
পীরগাছা, রংপুর।

# চেয়ারম্যান



মোঃ নুর আলম

## ইউনিয়ন পরিষদ সংরক্ষিত সদস্য



মোছাঃ তাহমিনা বেগম



মোছাঃ শিরিনা বেগম



মোছাঃ হোসনে আরা

## ইউনিয়ন পরিষদ সাধারণ সদস্য



মোঃ জালাল আহম্মেদ



মোঃ হামিদুল ইসলাম



মোঃ নেছার আহম্মেদ



মোঃ ছরোয়ার হোসেন



মোঃ আবুল হোসেন




মোঃ মঞ্জু মিয়া



মোঃ আনোয়ার হোসেন



মোঃ মোখলেছুর রহমান



মোঃ নুর নবী

## ইউপি সচিব



মোঃ মতিনুজ্জামান

## ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তা

## গ্রাম আদালত সহকারী



মোঃ রফিকুল ইসলাম



মোছাঃ নাজমা আক্তার



শ্রী সুমন কুমার শর্মা

## ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশ



মোঃ আব্দুল করিম



শ্রী পুষ্প জিৎ



মোঃ ছলিম উদ্দিন



শ্রী চন্দন কুমার



মোঃ আব্দুল হাকিম











# সূচীপত্র

## প্রথম অধ্যায়

### সাধারন তথ্য


ইউনিয়নের মানচিত্র ............................................................................................ ০৩
একনজরে ১নং কল্যাণী ইউনিয়ন................................................................................ ০৩
পরিকল্পনার উদ্দেশ্য ............................................................................................ ০৪
পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য ............................................................................... ০৪
পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন কমিটি............................................................................ ০৪
পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের ধাপসমুহ .................................................................... ০৫


## দ্বিতীয় অধ্যায়

### সম্পদের উৎস এবং ব্যয় বিভাজন


ইউনিয়নের সম্পদ ও এর উৎস ................................................................................ ০৯
পঞ্চবার্ষিক পরিকল্পনার রাজস্ব ও উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ................................ ১০


## তৃতীয় অধ্যায়

### খাতভিত্তিক তথ্য সম্ভার ও উন্নয়ন সম্ভাবনা


কৃষি, মৎস ও প্রাণীসম্পদ ................................................................................ ১৩
উন্নয়ন সম্ভাবনা ঃ কৃষি ও সেচ, মৎস এবং প্রাণীসম্পদ................................................ ১৫
শিক্ষা ........................................................................................................ ১৫
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ............................................................................... ১৬
ক্রিড়া ও সংস্কৃতি ........................................................................................... ১৬
সমাজকল্যাণ ও সামাজিক নিরাপত্তাবলয় ...................................................................১৭
উন্নয়ন সম্ভাবনা ঃ শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, সমাজকল্যাণ
ক্রিড়া ও সংস্কৃতি এবং আইন-শৃংখলা ..................................................................... ১৭
যোগাযোগ .................................................................................................. ১৭
হাট-বাজার ও অন্যান্য.................................................................................... ১৮
জনস্বাস্থ্য .....................................................................................................১৮
বস্তুগত অবকাঠামো উন্নয়ন সম্ভাবনা ......................................................................১৮
জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক ..............................................................................১৮
ইউডিসি সংক্রান্ত তথ্য ............................................................ ............................ ১৯
জন্ম-মৃত্যু নিবন্ধন, দূর্যোগ, তথ্য-প্রযুক্তি ও মানবসম্পদ উন্নয়ন সম্ভাবনা .................................. ১৯

# চতুর্থ অধ্যায়

## পরিকল্পনা প্রণয়নে খাতভিত্তিক বিভাজন

ইউনিয়নের খাতভিত্তিক বিভাজন........................................................................ ২৩

# পঞ্চম অধ্যায়

## খাতভিত্তিক উন্নয়ন লক্ষ্যমাত্রা

খাতভিত্তিক উন্নয়ন লক্ষ্যমাত্রা ........................................................................ ২৭

# ষষ্ঠ অধ্যায়

## খাতভিত্তিক প্রকল্প তালিকা

কৃষি ও সেচ, মৎস এবং প্রাণীসম্পদ ................................................................. ৩৩
ক্ষুদ্র ও কুটির শিল্প .........................................................................................৩৫
পরিবহন, যোগাযোগ, হাট-বাজার ও জনস্বাস্থ্য ............................................................ ৩৬
শিক্ষা ...........................................................................................................৩৯
স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও সমাজকল্যাণ ..................................................................৪১
ক্রিড়া ও সংস্কৃতি ............................................................................................ ৪২
জন্ম-মৃত্যু নিবন্ধন, দূর্যোগ, তথ্য প্রযুক্তি ও মানব সম্পদ উন্নয়ন ........................................... ৪৩
অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রম ....................................................... ৪৪


# সপ্তম অধ্যায়

পরিশিষ্ট ... ............................... ............................... ............................... .....৪৫

# প্রথম অধ্যায়

## সাধারন তথ্য

## মানচিত্রে কল্যাণী ইউনিয়ন




## এক নজরে কল্যাণী ইউনিয়ন

| শিরোনাম/খাত/বিবরণ | সংখ্যা/পরিমাণ | শিরোনাম/খাত/বিবরণ | সংখ্যা/পরিমাণ |
|---|---|---|---|
| ইউনিয়ন কোড | ৪৭ | ক্ষেত্রফল | ১৮.৮০ বর্গ কিঃমিঃ |
| জনসংখ্যা | ৩৪,২০৭ | গ্রাম/মৌজা | ১৪টি |
| নারী | ১৬,০৬৮ জন | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ১টি |
| পুরুষ | ১৮,১৩৯ জন | কমিউনিটি ক্লিনিক | ৩টি |
| মুসলিম | ৮৩.৬৯% | পোস্ট অফিস | ০১টি |
| হিন্দু | ১৬.৩৮% | পোস্ট কোড | ৫৪০৩ |
| অন্যান্য | ০ | প্রাথমিক বিদ্যালয় | ১০টি |
| উপজাতী | ০ | মাধ্যমিক বিদ্যালয় | ৩টি |
| খানা সংখ্যা | ৬,৯৮২টি | মহাবিদ্যালয় | ০ |
| কর প্রদানকারী পরিবার | ৬,১০০টি | মাদ্রাসা | ০১ |
| ভোটার সংখ্যা | ১৮,৯০০জন | মসজিদ সংখ্যা | ৬৫টি |
| ব্যাংক | ০ | মন্দির সংখ্যা | ১২টি |
| এনজিও | ০৫ | হাট-বাজার | ৩টি |
| ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ০১ | ইউনিয়ন ভূমি অফিস | ০১ |
| শিক্ষার হার | ৫০.১০% | পুরুষ শিক্ষার হার | ৫১.২% |
| নারী শিক্ষার হার | ৪৯% | কৃষি পেশায় যুক্ত | ৪৭% |
| শ্রমিক পেশাজীবী | ২৭.২৭% | ব্যবসায়ী পেশাজীবী | ১৩% |
| চাকুরীজীবী | ৪.২১% | অন্যান্য পেশায় যুক্ত | ৮% |

| | | | |
|---|---|---|---|
| পাকা রাস্তা | ১৮ কি.মি. | কৃষি ডিলার (বিসিআইসি) | ০১টি |

# পরিকল্পনার উদ্দেশ্য

ইউনিয়ন পরিষদের সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। এই সীমাবদ্ধ সম্পদের অগ্রাধিকার ভিত্তিক ও সঠিক ব্যবহারের জন্য পরিকল্পনার বিকল্প নেই। শুধুমাত্র পরিকল্পনার মাধ্যমেই সম্পদের যথাযথ ব্যবহার সম্ভব। ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত ও অহস্তান্তরিত সকল বিভাগের সমন্বিত পরিকল্পনাই পারে উন্নয়নের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করে সম্পদের সুষ্ঠু ব্যবহার। ইউপির কৃষি, যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, আইন-শৃংখলা, তথ্য-প্রযুক্তি, মানব সম্পদ উন্নয়নসহ সকল ক্ষেত্রে সুষম উন্নয়নের জন্যই স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৪৭ ধারার ২ উপ-ধারার ক্ষমতাবলে প্রণীত দ্বিতীয় তফসিল (ইউনিয়ন পরিষদের কার্যাবলী)-এ বর্ণিত ৩৯টি কার্যাবলীর প্রথম (১নং) কাজটি সম্পাদানের জন্যই পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

# পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য

বাংলাদেশ স্বাধীন জাতি হিসেবে আজও অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জন করতে পারেনি বরং এখনও এ দেশের প্রায় এক-চতুর্থাংশ মানুষ দারিদ্র্য সীমার নীচে জীবন যাপন করছে। আমাদের অত্র ১ নং কল্যাণীইউনিয়নের জনসাধারণের এ চিত্র সারা দেশের অন্য অঞ্চল হতে ভিন্নতর নয়। জীবনের মৌলিক সুযোগ-সুবিধায় এই প্রান্তিক জনগোষ্ঠীর প্রবেশাধিকার সীমিত। তাই অত্র এলাকার জনগণের দারিদ্র্য হ্রাসকরণের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১ নং কল্যাণীইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে ইউনিয়ন পরিষদের নিজস্ব সম্পদ এবং সরকারীভাবে ইউনিয়ন পরিষদের জন্য বরাদ্দকৃত অর্থ জনগণের চাহিদা অনুসারে এবং অগ্রাধিকার ভিত্তিতে সমন্বিত উপায়ে ব্যবহারের মাধ্যমে ইউপির সার্বিক উন্নয়ন নিশ্চিত করা।

### পঞ্চবার্ষিক পরিকল্পনার সুনিদিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ ঃ

* জনপ্রতিনিধিদের অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের সক্ষমতা বৃদ্ধি;
* সর্বস্তরের জনসাধারণের মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে ইউনিয়নের পরিকল্পিত উন্নয়ন সাধন;
* জনগণের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সাথে ইউপির অংশীদারীত্ব সৃষ্টি করা;
* পরিকল্পিত সেবা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, পয়ঃ নিষ্কাশন, শস্য, প্রাণীজ সম্পদ, মৎস্য সম্পদ ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা;
* উন্নত শিক্ষা ও স্বাস্থ্য সেবা গ্রহণের সুযোগ সৃজন এবং তা গ্রহণে এলাকার জনগণের সক্ষমতা বৃদ্ধি;
* উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণের মাধ্যমে প্রতিটি ইউনিয়নের মধ্যে আন্তঃযোগাযোগ বৃদ্ধি;
* পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে পরবর্তিতে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন;
* টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করা;
* সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য প্রতিপালনে ইউনিয়নকে কার্যকর করা।

# পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন কমিটি

ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা) বিধিমালা, ২০১৩-এর বিধি-৬ এর উপবিধি-১ অনুসারে ১ নং কল্যাণী ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নিম্নে উল্লেখিত কমিটি গঠন করা হয় ঃ

| ক্রমিক নং | সদস্য/সদস্যাগণের নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | মোঃ নেছার আহম্মেদ | ইউপি সদস্য | আহবায়ক |
| ০২ | মোঃ মতিনুজ্জামান | সচিব | সদস্য-সচিব |
| ০৩ | মোঃ মশিউর রহমান | উপ-সহকারী প্রকৌশলী | সদস্য |
| ০৪ | মোঃ নুর ইসলাম | টিউবওয়েল মেকানিক | ঐ |
| ০৫ | মোঃ ফারুক আজম | উপ-সহকারী কৃষি কর্মকর্তা | ঐ |
| ০৬ | মোঃ শওকত আলী | ইউনিয়ন স্বাস্থ্য পরিদর্শক | ঐ |
| ০৭ | মোঃ সাজ্জাদুর রহমান | পরিবার পরিকল্পনা পরিদর্শক | ঐ |
| ০৮ | মোঃ সেকেন্দার আলী | সহকারী শিক্ষা কর্মকর্তা | ঐ |
| ০৯ | মোঃ হুমায়ুন কবির | ভেটেরেনারী ফিল্ড এসিসটেন্ট | ঐ |
| ১০ | হোসনেআরা বেগম | ইউনিয়ন সমাজকর্মী | ঐ |
| ১১ | মোঃ ওসমান গণি | আনছার ও ভিডিপি কমান্ডার | ঐ |

# পরিকল্পনা প্রণয়নের ধাপসমুহ

ইউনিয়ন পরিষদের সকল স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা) বিধিমালা, ২০১৩-এর বিধি-৬ এর উপবিধি-২ অনুসারে নিম্নের ধাপসমুহ অনুসরণ করা হয়েছে ঃ

**প্রথমত ঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৪ ও ৫ ধারায় বর্ণিত পদ্ধতি মোতাবেক ইউনিয়নের ৯টি ওয়ার্ডে ব্যাপক প্রচারের মাধ্যমে অনুষ্ঠিত ওয়ার্ড সভায় জনসাধারনের মতামত ও চাহিদা ভিত্তিক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

**দ্বিতীয়ত ঃ** ওয়ার্ড সভার মাধ্যমে প্রাপ্ত সমস্যা ও প্রস্তাবিত প্রকল্পসমুহ ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা) বিধিমালা, ২০১৩ এর ৬ বিধি অনুসারে গঠিত ইউনিয়ন পরিকল্পনা প্রণয়ন কমিটি কর্তৃক খাতভিত্তিক চিহ্নিতকরণ ও বাস্তবায়ন যোগ্যতা বিবেচনা করতঃ কারিগরি দিক বিশ্লেষণ করা হয়।

**তৃতীয়ত ঃ** ইউপির পঞ্চবার্ষিক পরিকল্পনার রূপরেখা প্রণয়ন করা হয়।

**চতুর্থত ঃ** পরিকল্পনা প্রণয়ন কমিটি স্থানীয় উন্নয়নমূলক সেবা ও অর্থনৈতিক কার্যক্রমের চাহিদা, সামাজিক সমস্যা এবং স্থানীয় দাবীসমুহ বিবেচনা করতঃ প্রকল্প তালিকা প্রণয়ন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়।

**পঞ্চমত ঃ** ইউনিয়নের স্থায়ী কমিটিসমুহের নিকট থেকে বিভাগীয় অর্থাৎ খাতভিত্তিক ধারণা, দৃষ্টিভঙ্গি ও প্রকল্প প্রস্তাব গ্রহণান্তে সরকারের বিভিন্ন বিভাগ কর্তৃক যে সকল প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে এবং বিভিন্ন বেসরকারী সংস্থা স্থানীয়ভাবে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করছে সে সম্পর্কেও তথ্যাবলী বিবেচনা করতঃ পরিকল্পনা প্রণয়ন কমিটি খসড়া পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করে। অতঃপর ইউনিয়ন পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক পরিকল্পনাটি অনুমোদন করা হয়।

# দ্বিতীয় অধ্যায়

## সম্পদের উৎস এবং ব্যয় বিভাজন

# ইউনিয়নের সম্পদ ও এর উৎস

| উৎস | ধরণ | পরিমাণ (লক্ষ টাকা) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
| নিজস্ব আয়[১] | কর, লাইসেন্স ফি, হাট-বাজার, খোয়ার, নিবন্ধন ও সনদ ফি, নিজস্ব সম্পত্তি থেকে আয় ও অন্যান্য ফি, রেইট | ৩.২০ | ৪.৪০ | ৪.৬৫ | ৫.২৫ | ৫.৬০ |
| | ভূমি হস্তান্তর করের ১% | ৬.৫০ | ৭.২০ | ৭.৩০ | ৭.৫০ | ৭.৭০ |
| সরকারী অনুদান | সংস্থাপন অনুদান | ৪.০৮ | ৪.২০ | ৪.৩২ | ৪.৪৪ | ৪.৫৬ |
| | এলজিএসপি ও অন্যান্য থোক বরাদ্দ | ২৩.০০ | ২৫.০০ | ২৭.২৫ | ৩০.৩৫ | ৩২.৫০ |
| দাতা সংস্থার অনুদান | স্থানীয় ও জাতীয় | - | - | - | - | - |
| সামাজিক নিরাপত্তা বেষ্টনী | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী | ৫০.৪০ | ৫২.২৮ | ৫৩.৩৫ | ৫৪.৫০ | ৫৫.০০ |
| | বয়স্ক ভাতা | ৩৮.৪০ | ৩৯.৫০ | ৪০.৪৫ | ৪১.২৫ | ৪৩.৫০ |
| | বিধবা ভাতা | ১৮.২৪ | ২০.২৫ | ২৩.৫০ | ২৪.০০ | ২৫.২৫ |
| | প্রতিবন্ধি ভাতা | ৮.৭৮ | ১০.৫০ | ১২.২৫ | ১৪.৫০ | ১৫.০০ |
| | মাতৃত্বকাল ভাতা | ১.৪৮ | ১.৬৪ | ১.৭২ | ১.৮৬ | ২.১০ |
| | মুক্তিযোদ্ধা ভাতা | ২০.৪০ | ২০.৪০ | ২০.৪০ | ২০.৪০ | ২০.৪০ |
| | ভিজিএফ | ২২.০০ | ২৪.৫০ | ২৬.২৫ | ২৮.৫০ | ৩০.০০ |
| | ভিজিডি | ২২.০০ | ২৩.৫০ | ২৪.০০ | ২৪.৫০ | ২৫.০০ |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কর্মসূচী | কাবিখা | ৯.০০ | ১০.০০ | ১১.৫০ | ১২.০০ | ১২.২৫ |
| | কাবিটা | ৪.০০ | ৫.০০ | ৫.২৫ | ৫.৫০ | ৬.০০ |
| | টি আর | ১০.০০ | ১০.৫০ | ১১.০০ | ১১.২৫ | ১১.৫০ |
| | জি আর | ০.৪০ | ০.৫০ | ০.৫৫ | ০.৬০ | ০.৭৫ |
| উপজেলা পরিষদের বরাদ্দ | - | ৫.০০ | ৬.০০ | ৭.০০ | ৮.০০ | ৮.৭৫ |
| জেলা পরিষদের বরাদ্দ | - | ১.৫০ | ২.০০ | ২.৫০ | ২.৬০ | ২.৭৫ |
| জাতীয় সংসদ সদস্যের বরাদ্দ | - | ৪.০০ | ৪.৫০ | ৪.৭০ | ৫.০০ | ৫.৫০ |
| ব্যক্তিগত অনুদান | - | ০.৪০ | ০.৫০ | ০.৫৫ | ০.৬০ | ০.৭৫ |
| বিবিধ | - | | | | | |
| **মোট** | | ২৫২.৯৮ | ২৭২.৬২ | ২৯৮.৭৯ | ৩০২.৯৫ | ৩১৫.২৬ |

*[১] ইউপির নিজস্ব আয় খাতভিত্তিক পরিশিষ্ট-এ দেখানো হয়েছে।*

## পঞ্চবার্ষিক পরিকল্পনার রাজস্ব ও উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ

১ নং কল্যাণী ইউনিয়নের এই পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য মোট ব্যয় লক্ষ টাকা ধার্য করা হয়েছে। তার মধ্যে রাজস্ব ব্যয় লক্ষ টাকা ও উন্নয়ন ব্যয় লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।

| বিবরণ | ২০১৬-১৭ (লক্ষ টাকায়) | ২০১৭-১৮ (লক্ষ টাকায়) | ২০১৮-১৯ (লক্ষ টাকায়) | ২০১৯-২০ (লক্ষ টাকায়) | ২০২০-২১ (লক্ষ টাকায়) | মোট ব্যয় (২০১৬-২০২১) (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| রাজস্ব ব্যয় | ৮.৪৮ | ৯.৩৫ | ১০.০০ | ১০.৫০ | ১১.০০ | ৪৯.৩৩ |
| উন্নয়ন ব্যয়[২] | ২৪৪.৫০ | ২৬৩.২৭ | ২৮৮.৭৯ | ২৯২.৪৫ | ৩০৪.২৬ | ১৩৯৩.২৭ |
| সর্বমোট ব্যয় (রাজস্ব ও উন্নয়ন) | ২৫২.৯৮ | ২৭২.৬২ | ২৯৮.৭৯ | ৩০২.৯৫ | ৩১৫.২৬ | ১৪৪২.৫৪ |

*[২] ইউপির উন্নয়ন ব্যয় খাতভিত্তিক পরিশিষ্ট-এ দেখানো হয়েছে।*

# তৃতীয় অধ্যায়

## খাতভিত্তিক তথ্য সম্ভার ও উন্নয়ন সম্ভাবনা

# ইউনিয়নের খাতভিত্তিক তথ্য

| কৃষি | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ১. | মোট আবাদী জমি | ১৫৯১ হেক্টর |
| ২. | কৃষি ব্যাংক | ০১ |
| ৩. | কৃষি পরিবার | ৩৫০৫টি |
| ৪. | প্রান্তিক চাষী | ৯৪০ |
| ৫. | ভূমিহীন চাষী | ৫২৫ |
| ৬. | জলাশয় | ১২৫ হেক্টর |
| ৭. | এক ফসলী জমি | ১০১ হেক্টর |
| ৮. | দুই ফসলী জমি | ১১১০ হেক্টর |
| ৯. | তিন ফসলী জমি | ২৭১৫ হেক্টর |
| ১০. | গভীর নলকুপ | ১১টি |
| ১১. | অগভীর নলকুপ (বিদ্যুৎ) | ৪৩টি |
| ১২. | অগভীর নলকুপ (ডিজেল) | ৬৫০টি |
| ১৩. | পাওয়ার পাম্প | ০১টি |
| ১৪. | কৃষি ডিলার | ০৩জন |
| ১৫. | কৃষি তথ্য সার্ভিস সেন্টার | ০১টি |
| ১৬. | বনাঞ্চল | ০৯ হেক্টর |
| ১৭. | বসত ভিটা | ১২০ হেক্টর |
| ১৮. | রাস্তা ও শিক্ষা প্রতিষ্ঠান | ১৩ হেক্টর |
| ১৯. | মোট খাদ্য চাহিদা (বছরে) | ৫৮১০.৫ মেঃ টন |
| ২০. | খাদ্য উৎপাদন | ৯৩৩২ মেঃ টন |
| ২১. | খাদ্য উদ্বৃত্ত | ৩৫২১.৫ মেঃ টন |
| ২২. | উঁচু জমি | ১৯৫ হেক্টর |
| ২৩. | মাঝারি উঁচু জমি | ১৩০০ হেক্টর |
| ২৪. | মাঝারি নিচু জমি | ৭৬ হেক্টর |
| ২৫. | অতি নিচু জমি | ২০ হেক্টর |

| প্রাণিসম্পদ | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ১. | পশু চিকিৎসালয় | ০১ |
| ২. | প্রজনন উপকেন্দ্র | ০২ |
| ৩. | হাঁস, মুরগির সরকারী খামার | ০ |
| ৪. | হাঁস, মুরগির বেসরকারী খামার | ৮টি |
| ৫. | হাঁস | ৪০,০২৭টি |
| ৬. | মুরগি | ৬৫,২৫৩টি |
| ৭. | বাৎসরিক ডিমের চাহিদা | ৪০,০০,০৯৪টি |
| ৮. | ডিম উৎপাদন | ৭০,৮০,০০০টি |
| ৯. | ডিমের উদ্বৃত্ত | ৩০,১৪,০০০টি |
| ১০. | গরু | ২১,৩৮৫টি |
| ১১. | গাভী | ১০,৮৩৫টি |
| ১২. | বলদ | ২২৯টি |
| ১৩. | ষাঁড় | ৪,২২৭টি |
| ১৪. | বকনা | ১,৫১৪টি |
| ১৫. | বাছুর | ৪,৫৮০টি |
| ১৬. | মহিষ | ০ |
| ১৭. | ছাগল | ১৪,৮৯৫টি |
| ১৮. | ভেড়া | ১,৩৯৭টি |
| ১৯. | বাৎসরিক দুধের চাহিদা | ৩,২৮৫মে.টন |
| ২০. | দুধ উৎপাদন | ২,৭১০মে.টন |
| ২১. | দুধের ঘাটতি | ৫৭৫মে.টন |
| ২২. | বাৎসরিক মাংসের চাহিদা | ২,০২০ মে.টন |
| ২৩. | মাংস উৎপাদন | ১,২০০মে.টন |
| ২৪. | মাংসের ঘাটতি | ৮২০মে.টন |

| মৎস | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ১. | মোট পুকুর | ৪৮২টি |
| ২. | খাস পুকুর | ০০ |
| ৩. | বিল | ০৩টি |
| ৪. | গড় মৎস উৎপাদন | ৪.৮৫ মে.টন |
| ৫. | মৎস চাহিদা | ৫৭৭.৬৭ মে.টন |
| ৬. | মৎস সরবরাহ | ৩১.১০ মে.টন |
| ৭. | মৎস ঘাটতি | ৫৪৬.৫৭ মে.টন |
| ৮. | বার্ষিক পোনার চাহিদা | ৫.৬৩লক্ষ ৬৮৪টি |
| ৯. | মৎস হ্যাচারী | ০০ |
| ১০. | মৎস নার্সারী | ৭টি |
| ১১. | মৎস্যজীবী | ১১৩জন |
| ১২. | মৎস্যজীবী পরিবার | ৮১টি |
| ১৩. | মৎসজীবী সমিতি | ০০ |
| ১৪. | কৃত্রিম প্রজনন কেন্দ্র | ০০ |
| ১৫. | রেজিস্টার্ড ডাক্তার | ০০ |

| উন্নয়ন সম্ভাবনা ঃ কৃষি ও সেচ, মৎস এবং প্রাণিসম্পদ |
|---|
| ০১. গতানুগতিক কৃষি কাজ (যেমনঃ ধান ইত্যাদি) থেকে বেরিয়ে এসে নতুন সম্ভাবনার কৃষি (যেমনঃ রবিশষ্য-আলু, ডাল, ঔষধি উদ্ভিদ (ঘৃতকুমারী), আদা, হলুদ, নিরাপদ সবজি উৎপাদন ইত্যাদি) চাষকরণ। |
| ০২. আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষকদের মুল্যবান কর্মঘন্টা অন্যক্ষেত্রে ব্যবহারের সুযোগ সৃষ্টি। |
| ০৩. পানি নিস্কাশন ও খালখনন ব্যবস্থা উন্নতকরণের মাধ্যমে অবশিষ্ট কিছু জমি একফসলী জমিতে রূপান্তরকরণ ও মৎস চাষের সুযোগ তৈরিকরণ এবং সমন্বিত কৃষি ও মৎস চাষ বিষয়ক কৃষক উদ্যোক্তা তৈরিকরণ। |
| ০৪. ইউনিয়ন এলাকার সকল কৃষিজও জমি ক্ষুদ্র সেচ প্রকল্পের আওতায় আনা। |
| ০৪. কৃষি কাজে জৈব প্রযুক্তির (জৈব সার, জৈব বালাইনাশক ইত্যাদি) ব্যবহার। |
| ০৫. ইউনিয়নের অধিকাংশ কৃষি পরিবারসমুহকে মৎস ও প্রাণিসম্পদের ক্ষেত্রে উদ্যোক্তা ও খামারী হিসেবে সক্ষমতা অর্জন করা। |
| ০৬. ক্ষুদ্র ও কুটির শিল্প বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টিকরণ। |
| ০৭. মৌসুমে কৃষি পণ্যের মুল্য স্থিতিশীল রাখার জন্য পণ্য সংরক্ষণ এবং ভারসাম্যপূর্ণ ও বিশেষায়িত বাজার ব্যবস্থার সৃষ্টি। |
| ০৮. কৃষিখাতে বীমা ব্যবস্থা (ক্ষতিপূরণ) চালুকরণ। |

| শিক্ষা | | |
|---|---|---|
| **ক্রমিক নং** | **তথ্য** | **সংখ্যা** |
| ০১ | সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১০টি |
| ০২ | রেজিঃ প্রাথমিক বিদ্যালয় | ০০টি |
| ০৩ | এবতেদায়ী মাদ্রাসা | ০১টি |
| ০৪ | নিম্নমাধ্যমিক বিদ্যালয় | ০০টি |
| ০৫ | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ০৩টি |
| ০৬ | মহাবিদ্যালয় | ০০টি |
| ০৭ | টিবিএম কলেজ | ০০টি |
| ০৮ | ফাজিল মাদ্রাসা | ০০টি |
| ০৯ | দাখিল মাদ্রাসা | ০১টি |
| ১০ | আলিম মাদ্রাসা | ০০টি |
| ১১ | প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার | ১০০% |
| ১২ | বিদ্যালয়ে গড় উপস্থিতি | ৮৫% |
| ১৩ | প্রাথমিক বিদ্যালয়ে ঝরে পড়ার হার | ০৫% |
| ১৪ | মাধ্যমিক বিদ্যালয়ে ঝরে পড়ার হার | ৩% |
| ১৫ | প্রাথমিক উপবৃত্তি প্রদান করা হয়েছে | ১০০% |
| ১৬ | মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি প্রদান করা হয়েছে | ৫০% |

| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | | |
|---|---|---|
| ক্রমিক নং | তথ্য | সংখ্যা |
| ০১ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ০১টি |
| ০২ | কমিউনিটি ক্লিনিক | ০৩টি |
| ০৩ | স্যাটেলাইট ক্লিনিক | ০৮টি |
| ০৪ | জরুরী বিভাগের স্বাস্থ্য সেবা | – |
| ০৫ | বহিঃবিভাগের স্বাস্থ্য সেবা | চলমান |
| ০৬ | টিকাদান কর্মসূচী | চলমান |
| ০৭ | টিকাদান কেন্দ্র | ২৪টি |
| ০৮ | শিশু টিকাদানের হার | ৯০% |
| ০৯ | শিশু অপুষ্টির হার | ৪০% |
| ১০ | শিশু মৃত্যুর হার | ০৫ বছরের নিচে হাজারে ৪২ জন |
| ১১ | জন্ম নিয়ন্ত্রণ কার্যক্রম | চলমান(বড়ি,কন্ডম,ইনজেকশন, ইমপ্লান্ড,আইইউডি) |
| ১২ | জন্ম নিয়ন্ত্রণ গ্রহণকারী দম্পতির হার | ৭৭% |
| ১৩ | মাতৃ উর্বরতা হার | ১.৯০% |
| ১৪ | শিশু জন্ম পূর্ববর্তী চেকআপ | ১বার ৮০%এবং ৪বার ২৩% |
| ১৫ | প্রশিক্ষিত ধাত্রী (সরকারী ব্যবস্থাপনায়) | ৮ জন |
| ১৬ | মাতৃ মৃত্যুর হার | প্রতি লক্ষে ২০১ জন |

| ক্রিড়া ও সংস্কৃতি | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ০১ | খেলাধুলা সংগঠন বা ক্লাব | ০৬টি |
| ০২ | সাংস্কিতিক সংগঠন | ০১টি |
| ০৩ | গণ-গ্রন্থাগার | ০০ |
| ০৪ | ফুটবল টুর্নামেন্ট | ২টি |
| ০৫ | ক্রিকেট টুর্নামেন্ট | ৩টি |
| ০৬ | হাডু-ডু টুর্নামেন্ট | ১টি |
| ০৭ | ভলিবল টুর্নামেন্ট | ১টি |
| ০৮ | মেলা | ৪টি |

| সমাজকল্যাণ ও সামাজিক নিরাপত্তাবলয় | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
| ০১ | মোট পরিবার | ৬৯৮২টি |
| ০২ | উচ্চবিত্ত | ৮২ টি |
| ০৩ | উচ্চ মধ্যবৃত্ত | ২৬২ টি |
| ০৪ | মধ্যবৃত্ত | ৫৭২ টি |
| ০৫ | নিম্ন মধ্যবৃত্ত | ১৯৮০ টি |
| ০৬ | দরিদ্র | ২২৭৮ টি |
| ০৭ | অতিদরিদ্র | ১১১৮ টি |
| ০৮ | ভিজিডি প্রদান | ২৪৪ জন |
| ০৯ | ভিজিএফ প্রদান | ৪৫৪৪ জন |
| ১০ | বয়স্ক ভাতা প্রদান | ৬৪০ জন |
| ১১ | বিধবা/স্বামী পরিত্যক্তা ভাতা প্রদান | ৩০৪ জন |
| ১২ | প্রতিবন্ধী ভাতা প্রদান | ১২২ জন |
| ১৩ | মাতৃত্বকালীন ভাতা প্রদান | ১১২ জন |
| ১৪ | মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ভাতা প্রদান | ১৭ জন |

| উন্নয়ন সম্ভাবনা ঃ শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, সমাজকল্যাণ, ক্রিড়া ও সংস্কৃতি এবং আইন-শৃংখলা |
|---|
| ০১. বিদ্যালয় গমন উপযোগী সকল শিশু বিদ্যালয় গমন করবে। |
| ০২. প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ঝরে পড়ার হার শুন্যতে নেমে আসবে। |
| ০৩. বিদ্যালয়সমুহে প্রয়োজনীয় সকল শিক্ষা উপকরণ, আসবাবপত্র ও শ্রেণীকক্ষের পর্যাপ্ত সংস্থান হবে। |
| ০৪. শিক্ষার পরিবেশ রক্ষায় বিদ্যালয়সমুহে প্রাচীর নির্মিত হবে। |
| ০৫. নিরাপদ পানির উৎস ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এর ব্যবস্থা থাকবে। |
| ০৬. পাঠদানের ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তির ব্যাপক ব্যবহার হবে। |
| ০৭. ছাত্র/ছাত্রীদের মধ্যে নিয়মিত খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে। |
| ০৮. শিশু ও মাতৃ মৃত্যুর হার এবং শিশু অপুষ্টির হার শুন্যতে নেমে আসবে। |
| ০৯. টিকাদান কার্যক্রমের আওতায় সকল জনগন আসবে। |
| ১০. জন্ম ও মৃত্যু হার একই হবে। |
| ১১. সকল গর্ভবতী মা নিয়ম মাফিক ৪ বার গর্ভকালীন সেবা গ্রহণ করবে। |
| ১২. সামাজিক নিরাপত্তা বলয়ে অন্তর্ভূক্ত হওয়ার যোগ্য সকল ব্যক্তি উক্ত সুবিধার অধিকারী হবেন। |
| ১৩. ইউনিয়নের সকল ব্যক্তিকে পর্যায় ভিত্তিক বিভিন্ন খেলাধুলা ও সংস্কৃতি চর্চার (পাঠাগার, বয়স্কদের উপযোগী সংগঠন, বিনোদন ক্লাব) আওতায় আসবে। |
| ১৪. দেশের বিদ্যমান আইনের প্রতি সকল জনগন শ্রদ্ধাশীল হবে। |

## যোগাযোগ

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১ | ইউনিয়ন পাকা রাস্তা | ১৮কি.মি. |
| ০২ | আধাপাকা রাস্তা (HBB) | ০ কি.মি |
| ০৩ | কাঁচা রাস্তা | ৬২ কি.মি. |
| ০৪ | ইউড্রেন | ৬৩ টি |
| ০৫ | কালভার্ট/ব্রীজ | ৫২টি |
| ০৬ | প্যালাসাইড/গাইডওয়াল | ২২টি |
| ০৭ | রেল স্টেশন | ০০ টি |
| ০৮ | বাসস্ট্যান্ড | ০১ টি |

## হাট-বাজার ও অন্যান্য

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১ | হাট | ০২ টি |
| ০২ | বাজার | ০৪ টি |
| ০৩ | হিমাগার | ০২ টি |
| ০৪ | ফিলিং স্টেশন | ০১ টি |
| ০৫ | ইটভাটা | ০২ টি |

| জনস্বাস্থ্য | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
| ০১ | মোট জনসংখ্যা | ৩৪,৬৪২ জন |
| ০২ | খানা সংখ্যা | ৬,৯৮২ টি |
| ০৩ | মোট নিরাপদ পানি ব্যবহারকারীর সংখ্যা | ২৭,৭১৩ জন |
| ০৪ | মোট দরিদ্র খানা | ৪,১৪২ টি |
| ০৫ | স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারকারী | ৪,৫৩৯ টি পরিবার |
| ০৬ | অস্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারকারী | ১,৮৮৬ টি পরিবার |
| | ল্যাট্রিনবিহীন পরিবার | ২৯৭ টি পরিবার |
| ০৭ | পাবলিক টয়লেট | ৪টি |
| ০৮ | নলকুপের সংখ্যা | ৪,৫২৬টি |
| ০৯ | হস্তচালিত নলকুপ (গভীর) | ৬৯৩টি |
| ১০ | মন্দিরে নলকূপ ও ল্যাট্রিন সংখ্যা | ১২টি |
| | মসজিদে ল্যাট্রিন ও নলকূপ সংখ্যা | ৫৩টি |
| ১১ | হাট-বাজার | ৩টি |
| ১২ | বাস/টেম্পু/রিক্সাস্ট্যান্ড | ৪টি |
| ১৩ | সামাজিক প্রতিষ্ঠান (ক্লাব/সমিতি ইত্যাদি) | ৬টি |

| বস্তুগত অবকাঠামো উন্নয়ন সম্ভাবনা |
|---|
| ০১. দৃশ্যমান প্রায় সকল রাস্তাই পাকা রাস্তার আওতায় আসবে। |
| ০২. বিশেষায়িত হাট এবং পর্যাপ্ত সুযোগ সুবিধাযুক্ত হাট-বাজার থাকবে। |
| ০৩. শতভাগ জনগনের জন্য বিশুদ্ধ পানির উৎস থাকবে। |
| ০৪. ইউনিয়নের সকল জনগনের স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারের সুযোগ থাকবে। |
| ০৫. সকল জনগন স্বাস্থ্য বিধি মেনে চলবে। |
| ০৬. বর্জ্য ব্যবস্থাপনায় পুনঃব্যবহার পদ্ধতির ব্যবহার হবে। |

| জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ০১ | মোট নিবন্ধিত ব্যক্তি | ৩৪,১০৭ জন |
| ০২ | মোট জন্ম নিবন্ধন | ৩৪,১০৭ জন |
| ০৩ | জন্মনিবন্ধন (পুরুষ) | ১৮,১৩৯ জন |
| ০৪ | জন্মনিবন্ধন (নারী) | ১৬,০৬৮ জন |
| ০৫ | মোট মৃত্যু নিবন্ধন | ৭১২ জন |
| ০৬ | মৃত্যুনিবন্ধন (নারী) | ৩৪৮ জন |
| ০৭ | মৃত্যুনিবন্ধন (পুরুষ) | ৩৬৪ জন |

| ইউডিসি সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ |
| ০১ | ইউডিসি | ০১ টি |
| ০২ | উদ্যোক্তা | ০২ জন |
| ০৩ | কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র | - |
| ০৪ | ল্যাপটপ ও ডেক্সটপ কম্পিউটার | ০৪ টি |
| ০৫ | প্রজেক্টর | ০১ টি |

| জন্ম-মৃত্যু নিবন্ধন, দূর্যোগ, তথ্য-প্রযুক্তি ও মানবসম্পদ উন্নয়ন সম্ভাবনা |
|---|
| ০১. সকল ব্যক্তিই যথাসময়ে নিবন্ধনের আওতায় আসবে। |
| ০২. দূর্যোগ পরবর্তি কার্যক্রমের জন্য ওয়ার্ড বা গ্রামভিত্তিক প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক বা কর্মীর দল থাকবে। |
| ০৩. ইউনিয়নের জনগন যুযোপযোগী সকল প্রযুক্তি ব্যবহারের সুযোগ পাবে। |
| ০৪. ঘরে ঘরে দক্ষ জনশক্তি থাকবে। |

# চতুর্থ অধ্যায়

## পরিকল্পনা প্রণয়নে খাতভিত্তিক বিভাজন

**ইউনিয়নের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বা কার্যক্রমে খাতভিত্তিক নিম্নরূপ বিভাজন অনুসরণ করা হয়েছে**

| ক্রঃ নং | খাতসমুহ | বরাদ্দ (শতাংশে)* |
|---|---|---|
| ০১ | কৃষি ও সেচ | ৮.৫০ % |
| ০২ | মৎস ও পশু সম্পদ | ২.০% |
| ০৩ | ক্ষুদ্র ও কুটির শিল্প | ৩.৫০% |
| ০৪ | পরিবহন ও যোগাযোগ | ২৪ .০০% |
| ০৫ | গৃহনির্মাণ ও বস্তুগত পরিকল্পনা | ৪.৫০% |
| ০৬ | জনস্বাস্থ্য | ১৮.২৫% |
| ০৭ | শিক্ষার উন্নয়ন | ২১.৫০% |
| ০৮ | স্বাস্থ্য ও সমাজকল্যাণ | ১০.২৫% |
| ০৯ | ক্রীড়া ও সংস্কৃতি | ২.৫০% |
| ১০ | বিবিধ | ৫.০০% |

** ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা) বিধিমালা, ২০১৩-এর ৭(৬) উপবিধিতে খাতভিত্তিক বরাদ্দ বিভাজনের যে সীমা নির্দিষ্ট আছে তা অত্র পরিকল্পনায় সর্বক্ষেত্রে রক্ষা করা সম্ভব হয়নি। এক্ষেত্রে খাতভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাজেট বরাদ্দকরণের ক্ষেত্রে স্থানীয় চাহিদার প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে যা স্থানীয় চাহিদার সরাসরি প্রতিফলন হিসেবে প্রতীয়মান হয়।*

# পঞ্চম অধ্যায়

## খাতভিত্তিক উন্নয়ন লক্ষ্যমাত্রা

সরকারের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র দিকে লক্ষ্য রেখে খাতভিত্তিক উন্নয়ন লক্ষ্যমাত্রা নিম্নে উল্লেখ করা হলো ঃ

| খাত | উপখাত | বর্তমান অবস্থা | কাঙ্খিত লক্ষ্যমাত্রা | সম্ভাব্য বাস্তবায়নকাল | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ |
| কৃষি ও সেচ, মৎস এবং প্রাণীসম্পদ | নিবিড় শস্য চাষে কৃষি জমির ব্যবহার | ৯২% | ৯৮% | ৯৩% | ৯৪% | ৯৬% | ৯৭% | ৯৮% |
| | উন্নত জাতের কৃষিজ শষ্যের প্রদর্শনী খামার(প্রতি মৌসুমে) | ১১টি | ৩৬টি | ১৬টি | ২০টি | ২৫টি | ৩০টি | ৩৬টি |
| | নিরাপদ শাক-সবজি উৎপাদনের আওতায় কৃষক | ৯% | ৪৮% | ২০% | ২৫% | ৩২% | ৩৯% | ৪৮% |
| | কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহারকারী কৃষক | ৪৮% | ৭৫% | ৫২% | ৬০% | ৬৫% | ৭২% | ৭৫% |
| | ক্ষুদ্র সেচ ব্যবস্থার আওতাভূক্ত কৃষি জমি | ৮০% | ৯৫% | ৮২% | ৮৫% | ৮৭% | ৯২% | ৯৫% |
| | জৈব সার ব্যবহারকারী কৃষক | ২১% | ৫০% | ২৮% | ৩৫% | ৪০% | ৪৬% | ৫০% |
| | জৈব বালাইনাশক ব্যবহারকারী কৃষক | ৫% | ১০% | ৬% | ৭% | ৮% | ৯% | ১০% |
| | জলাবদ্ধতা নিরসনকল্পে অবকাঠামো উন্নয়নের আওতায় কৃষিজমি | ৭০% | ৯৫% | ৭৫% | ৮২% | ৮৬% | ৯০% | ৯৫% |
| | সামাজিক বনায়ন সৃষ্টি ও সংরক্ষণের আওতায় বনায়ন | ৭৫% | ১০০% | ৮০% | ৮৫% | ৯০% | ৯৫% | ১০০% |
| | উন্নত ও নতুন প্রযুক্তি পরিচিতকরণ ও প্রশিক্ষণ | ১৫% | ৪০% | ২০% | ২৫% | ৩০% | ৩৫% | ৪০% |
| | ধান ক্ষেতে সমন্বিত মৎস চাষের উপযোগী কৃষি জমির ব্যবহার | ৬% | ১৮% | ৮% | ১০% | ১৩% | ১৫% | ১৮% |
| | সরকারী ও প্রতিষ্ঠানের পুকুর খনন ও সংস্কার | ৬টি | ২০টি | ১০টি | ১২টি | ১৫টি | ১৮টি | ২০টি |
| | মৎস খামার | ৩২টি | ৫৫টি | ৩৭টি | ৩৯টি | ৫১টি | ৫৩টি | ৫৫টি |
| | হাঁস-মুরগীর খামার | ২৪টি | ৩৮টি | ২৬টি | ২৮টি | ৩২টি | ৩৫টি | ৩৮টি |
| | উন্নত ছাগলের খামার | ৪টি | ৮টি | ৪টি | ৫টি | ৬টি | ৭টি | ৮টি |
| | উন্নত গরুর খামার | ৭২টি | ৯০টি | ৭৫টি | ৮০টি | ৮৫টি | ৮৭টি | ৯০টি |
| | কৃত্রিম প্রজনন ব্যবস্থার আওতায় পশু | ৪৫% | ৭০% | ৪৭% | ৫২% | ৬০% | ৬৪% | ৭০% |
| | টিকাদান কর্মসূচীর আওতায় গবাদি পশু | ২০% | ৪৫% | ২৫% | ৩০% | ৩৫% | ৪০% | ৪৫% |
